



# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২১- ২৯৬ (১০)

তারিখ : ১৭ /০৩/২০২১

## প্রেস রিলিজ

১৭ মার্চ, ২০২১ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়। হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইড সদস্যদের নিয়ে বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন ও কেক কেটে জন্মদিনে শ্রদ্ধা নিবেদন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। হলদে পাখি, গাইড, রেঞ্জার তাদের প্রত্যাশা ব্যক্ত করে বক্তব্য দেয়। একজন হলদে পাখি জাতির পিতা বঙ্গবন্ধুর ১৯৭১-এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ দেয়। ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম নিয়ে বঙ্গবন্ধু প্রতিদিন ২মিনিটের একটি ভিডিও ক্লিপ অনুষ্ঠানে প্রদর্শন করা হয়। বঙ্গবন্ধুর জীবনী তুলে ধরে বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), অধ্যক্ষ রাফিকা আফরোজ, সহযোগী কোষাধ্যক্ষ, সুলতানা রাজিয়া গাইড সদস্য, বেগম শাহনওয়াজ দিলরুবা খান, সদস্য (যুগ্মসচিব), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, খাদ্য মন্ত্রণালয়। অনুষ্ঠানে বঙ্গবন্ধুর আদর্শের বিভিন্ন দিক তুলে ধরে গাইড সদস্যদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। স্বাগত বক্তব্য দেন বেলা রানী সরকার, অর্থ ও হলদে পাখি কমিশনার। শেষে হলদেপাখি, গাইড ও রেঞ্জারদের সমন্বয়ে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।



কেক কেটে বঙ্গবন্ধুর জন্মদিনের শ্রদ্ধা নিবেদন



বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন করেন জাতীয় কমিশনার

স্বাক্ষরিত/-

সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা